

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।

স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.

তারিখঃ ০১/০১/২০২০ খ্রি.

বিষয় : অভ্যন্তরীণ আমন সংগ্রহ-২০১৯-২০ এর আওতায় প্রকৃত কৃষকের নিকট থেকে ধান সংগ্রহ জোরদারকরণ।

সূত্র : সংগ্রহ বিভাগের স্মারক নং- ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.০১, তারিখ-০১/০১/২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ-২০১৯-২০ এর আওতায় উৎপাদক কৃষকদের নিকট থেকে ধান ক্রয়ের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে উপজেলাপর্যায়ে ওয়েবসাইটে কৃষক তালিকা প্রকাশ, তালিকাভুক্ত কৃষকের তালিকা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির নিকট হস্তান্তর করা এবং হস্তান্তরিত তালিকা থেকে উন্মুক্ত লটারির মাধ্যমে কৃষক নির্বাচন করে নির্বাচিত কৃষকের নিকট থেকে ধান ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়। এ নির্দেশনার আলোকে ইতোমধ্যে সারাদেশে শতভাগ লটারি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১৯/০১/২০২০ খ্রি: তারিখ পর্যন্ত ধান সংগ্রহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৬,২৬,৯৯১ মে:টনের বিপরীতে মাত্র ১,৬৬,৬২৮ মে:টন ধান সংগৃহীত হয়েছে। ধান সংগ্রহের হার ২৭%। নির্দেশনা মোতাবেক উন্মুক্ত লটারির মাধ্যমে কৃষক নির্বাচন শতভাগ সম্পন্ন হওয়া সত্ত্বেও ধান সংগ্রহের কাঙ্ক্ষিত গতি বৃদ্ধি পাচ্ছে না। ধান সংগ্রহ এ গতিতে চললে সংগ্রহের নির্ধারিত মেয়াদের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন দুরূহ হয়ে পড়তে পারে।

এহেন অবস্থার পরিপ্রেক্ষিতে যে সমস্ত জেলায় উন্মুক্ত লটারির মাধ্যমে নির্বাচিত কৃষকগণ এখনো সংশ্লিষ্ট খাদ্যগুদামে ধান সরবরাহ করেননি ব্যাপক প্রচারের মাধ্যমে আগামী ২৭/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে সংশ্লিষ্ট খাদ্যগুদামে ধান সরবরাহ নিশ্চিত করাতে হবে। ২৭/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে লটারিতে নির্বাচিত কৃষকগণ সংশ্লিষ্ট খাদ্যগুদামে ধান সরবরাহে ব্যর্থ হলে অপেক্ষমান কৃষকদের মধ্য হতে পুনরায় লটারির মাধ্যমে ০১/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে আগ্রহী কৃষক নির্বাচন সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক ইত:পূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহের সন্তোষজনক অগ্রগতি না হয়ে থাকলে সংগ্রহের নির্দিষ্ট মেয়াদের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে গৃহীত সিদ্ধান্তসমূহ পুন:মূল্যায়ণপূর্বক বাস্তব পরিস্থিতির আলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটিগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

- প্রাপক : ১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

প্রা;
(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ০২-৯৫৪৮৩৪।

স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯. ১৩৭/১৪৪৩

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

তারিখঃ ০১/০১/২০২০ খ্রি.

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বার্তাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

মহাপরিচালক

খাদ্য অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ০২-৯৫৪৮৩৪।